ঠাকুমার প্রেমিকের গুলিতে মৃত ৪ বছরের নাতনী

নিজস্ব সংবাদদাতা, হাঁসখালি (নদিয়া) : ঠাকুমারও রয়েছে বয়ফেন্ড! আর তার আগ্নেয়াস্ত্রের গুলিতে প্রাণ গেল নাতনীর। গত রাতে ঘটনাটি ঘটেছে নদিয়ার হাঁসখালি থানার গাড়াপোতা গ্রামে। মৃত শিশুর নাম ঈশিতা পোদ্দার। এই ঘটনায় একজনকে আটক করেছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু হয়েছে। আগ্নেয়াস্ত্র কোথা থেকে এল তা খতিয়ে দেখা হচ্ছে।

পুলিশের তরফে জানানো হয়েছে,ঈশিতার ঠাকুমা চারুবালা পোদ্দারের কাছে প্রায় দিনই আসতেন এলাকার বাসিন্দা যতীন রায়। তিনি বাড়িতে রেখে গিয়েছিলেন আগ্নেয়াস্ত্র। চারুবালা পোদ্দারের সঙ্গে ঘনিষ্ঠতা রয়েছে যতীনের। গতকাল রাত ১০টা নাগাদ যতীন চারুবালার কাছে আসেন।

লুকিয়ে রাখা আগ্নেয়াস্ত্র বের করার সময় আচমকা যতীনের হাত থেকে সেটি পড়ে গিয়ে গুলি ছুটে যায়। সে সময় ঘরে ছিল ঈশিতা। তার মাথায় গুলি লাগে। গুলির আওয়াজে ঈশিতার বাবা-মা এসে দেখেন রক্তাক্ত অবস্থায় মাটিতে পড়ে রয়েছে মেয়ে। দ্রুত তাকে বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে পুলিশ স্বাস্থ্যকেন্দ্রে আসে।

বুধবার ঈশিতার দেহ ময়নাতদন্তে পাঠানো হয়।

ঘটনার তদন্ত শুরু করেছে হাঁসখালি থানার পুলিশ। একজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তদন্তের স্বার্থে যাকে আটক করা হয়েছে তার নাম-পরিচয় জানানো হয়নি পুলিশের তরফে। আগ্নেয়াস্ত্র কোথা থেকে এল তা খতিয়ে দেখা হচ্ছে। অসাবধানতাবশত গুলি ছুটে ঈশিতার মৃত্যু হয়েছে, না এর পিছনে অন্য কোনও কারণ রয়েছে তাও তদন্ত করে দেখছেন পুলিশ আধিকারিকরা।

এই ঘটনায় ওই এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পুলিশ জানিয়েছে ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু হয়েছে।

হিংসা অব্যাহত হাওড়ার পুনর্নির্বাচনে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: বুধবার রাজ্যের অন্যান্য জেলার মতো হাওড়া জেলাতেও পুনর্নির্বাচন হল ৩৪টা বুথে। সোমবার এই সকল বুথে অপ্রীতিকর ঘটনা ঘটার জন্য এই সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা ওই সকল কেন্দ্রে পুনরায় নির্বাচন করার সিদ্ধান্ত নেন। এদিন সকাল থেকেই ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু হয় ওই ৩৪টি বুথে। সকাল থেকেই ভোটগ্রহণ কেন্দ্রে ছিল ভোটারদের লম্বা লাইন। প্রথমদিকে শান্তিপূর্ণভাবেই ভোট হচ্ছিল। কিন্তু বাধ সাধল বৃষ্টি। এদিন সকালেও একটু বেলার দিকে বৃষ্টির জন্য ভোটগ্রহণ প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটে যদিও পরে বৃষ্টি থামলে আবার স্বাভাবিকভাবে ভোটগ্রহণ শুরু হয়। মোটামুটি শান্তিপূর্ণভাবে ভোট হলেও কয়েকটি জায়গায় বিক্ষিপ্ত অশান্তির ঘটনা ঘটে এদিন হাওড়ার পুনর্নির্বাচন। হাওড়ার জগৎবল্লভপুর ব্লকের দু'টি স্কুলে পুনর্নির্বাচন শুরু হতেই অশান্তি ছড়িয়ে পড়ে। বামুনপাড়া হাইস্কুলে তৃণমূল ও বিজেপি'র মধ্যে বচসা শুরু হয়। সেই অশান্তি ছড়িয়ে পড়ে। বিজেপি নেতা অশোক সিংহকে রাস্তায় ঘিরে ব্যাপক মারধর করে তৃণমূল কর্মীরা। প্রতিবাদে মাজুতে পথ অবরোধ করে বিজেপি। ওই এলাকার তৃণমূলের পার্টি অফিস ভাঙচুর করা হয়। এছাড়া পোলগুস্তিয়া বেসিক স্কুলে ছাপ্পা ভোটের প্রতিবাদ করায় বিজেপি কর্মীদের ব্যাপক মারধরের অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। যদিও তৃণমূল নেতারা এখনও পর্যন্ত কোনও প্রতিক্রিয়া দেননি। পরে অবশ্য তারা এই অভিযোগ অস্বীকার করেন। এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে।

এদিন বুধবার হাওড়ার ৩৪টি বুথে পুনর্নির্বাচন হচ্ছে কড়া পাহারায়। উদয়নারায়ণপুর ব্লক ছাড়া প্রায় সব ব্লকের কোনও না কোনও বুথে পুনর্নির্বাচন হচ্ছে। কিন্তু নির্বাচন শুরু হওয়ার আগেই ফের উত্তপ্ত হয়ে উঠল হাওড়ার উলুবেড়িয়ার কালীনগর ভেকুডালে। এদিন ভোরে চার বিজেপি সমর্থকের বাড়িতে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। আগুন নেভাতে দমকলের দু'টি ইঞ্জিন ঘটনাস্থলে যায় বলে জানা গেছে। যদিও তৃণমূল এই অভিযোগ অস্বীকার করেছে। তবে এদিন বালি জগাছা ব্লকের আনন্দনগর হাইস্কুলে নির্বিঘ্নে ভোট শুরু হয়েছে। এই বুথে ব্যালট বক্স জলে ফেলে দেওয়ার ঘটনা ঘটেছিল বলে এখানে আবার ভোটের সিদ্ধান্ত নেয় প্রশাসন।

অপরদিকে উলুবেড়িয়ায় ভোট শুরু হতেই অশান্তি। উলুবেড়িয়ার বাগগাছা প্রাথমিক বিদ্যালয়ের ৫০ নং বুথে পুনঃ নির্বাচনকে ঘিরে গন্ডগোল। বহিরাগতরা বুথে ঢুকতে গেলে বাধা দেন স্থানীয় বাসিন্দারা। বাধাপ্রাপ্ত হয়ে বুথ সংলগ্ন ৪ বিজেপি কর্মীর বাড়িতে আগুন লাগায় বহিরাগতরা। এই গন্ডগোলের জেরে পালিয়ে যায় ভোটাররা। বিজেপি'র পক্ষ থেকে জানান হয়েছে দ্রুত ব্যবস্থা না নিলে পথ অবরোধ করা হবে। এখানে বন্দুক আর বোমা নিয়ে ঘুরতে দেখা যায় দুষ্কৃতীদের।

পুনর্নির্বাচনেও ছাপ্পা ভোট ও বুথ জ্যামের অভিযোগ তুলল বিজেপি। ঘটনা হাওড়ার জগৎবল্লভপুরের। বুধবার সকাল থেকে জগৎবল্লভপুরের বামনপাড়া হাইস্কুলে (রুম -২) ভোট শুরু হয়। বিজেপি'র অভিযোগ,স্থানীয় মণ্ডল সভাপতি অশোক সিং ভোট শুরু হওয়ার আগে প্রার্থীর বাড়িতে জেলা পরিষদের এজেন্টের ফর্ম দিতে গেলে তাকে ঘিরে ধরে মারধর করে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা।

এরপর ওই বুথে (১৪৩ বুথ) ভোট শুরু হলেও সেখানে বুথ জ্যাম ও ছাপ্পা ভোটের অভিযোগ ওঠে। উল্লেখ্য, গত সোমবার এখানে ভোটের দিনেও ব্যাপক অশান্তি হয়েছিল। যে কারণে এখানেও পুনর্নির্বাচনের নির্দেশ দেয় নির্বাচন কমিশন।

বুধবার হাওড়া ব্রিজে এই অজ্ঞাত পরিচয় ব্যক্তির দেহ পাওয়া যায়, পরে হাসপাতালে নিয়ে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

5	1				3			
2		6			5	9		7
						8	5	
	2	1		7				
9		4				7		1
				1		3	2	
	4	3						
1		5	3			2		4
			6				3	9

গতকালের সমাধান

7	4	5	3	9	6	1	8	2
2	1	3	5	8	7	6	9	4
6	8	9	4	1	2	7	5	3
5	9	7	2	4	1	3	6	8
1	2	4	8	6	3	9	7	5
8	3	6	9	7	5	2	4	1
3	7	2	6	5	8	4	1	9
9	5	1	7	3	4	8	2	6
4	6	8	1	2	9	5	3	7

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৭ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ০৪।৫৫, **সূর্যাস্ত:** ঘ ০৬।১০। **জোয়ার**: দুপুর ০২.৫১। **ভাঁটা**: সকাল ৯.৫৭।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৪৮৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৮৭০
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,৩২০
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,০০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,০০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 67.8276
INR / 1 Euro	: 80.2943
INR / 100 Jap. YEN	: 61.5200
INR /1 Pound Sterling	: 91.6826

শেয়ার সূচক

BSE	35,387.88	▼-156.06
NIFTY	10,741.10	▼-60.75

শব্দলিপি- ১১৯৪

মীরা সরকার

পাশাপাশি ঃ ১। বাদ্যযন্ত্র ৪। স্বামীহীনা রমণীর বেশ ৬। শ্লোকরচয়িতা ৭। উদ্দাম ৯। রক্তপবিত্র করা ১১। চালচলন ১৩। ভাবতীয় উচ্চাঙ্গ নৃত্যপদ্ধতি ১৪। কানাকানি

উপরনীচ ঃ ১। তাঁতের যন্ত্রাংশ ৪। অলংকারে ক্ষণস্থায়ী বস্তু ৪। মহাবীর কর্ণ ৫। আইন ব্যবসায়ী ৬। সহযাত্রী ৮। তস্কর ১০। শজনে গাছ ১২। গাড়ি ভাড়া

সমাধান ঃ শব্দলিপি - ১১৯৩

পাশাপাশি ঃ ১। হরিপ্রিয়া ৩। অপিচ ৬। বধপাল ৮। বিষমকাল ১০। ব্যয়বসন ১২। দস্তিদার ১৪। দ্যোতক ১৫। নারায়ণী

উপরনীচ ঃ ১। হরিষে বিষাদ ২। প্রিয়তম ৪। পিলপা ৫। কুবলয় ৭। লজ্জনকারিনী ৯। কাব্যরস ১১। বর্ণচোরা ১৩। স্তিমিত

আজ গণনা, তার আগে ফের উত্তপ্ত মগরাহাট

নিজস্ব সংবাদদাতা, মগরাহাট (দক্ষিণ ২৪ পরগনা : নির্বাচন পরবর্তী সংঘর্ষের জেরে উত্তপ্ত হয়ে উঠল মগরাহাট থানার উত্তর যুগদিয়া গ্রাম। মঙ্গলবার রাতে ওই গ্রামে তৃণমূলের সঙ্গে বাম ও কংগ্রেস কর্মী সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। একে অপরকে লক্ষ্য করে বোমাবাজি ও গুলি চালায় বলে অভিযোগ। এই ঘটনায় পাঁচ জন গুলিবিদ্ধ হয়। এর মধ্যে তিন জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের কলকাতার হাসপাতালে ভর্তি করা হয়।

মঙ্গলবার রাতে এলাকা দখলকে কেন্দ্র করে প্রথমে দু'পক্ষের মধ্যে বচসা বাধে। অভিযোগ, বাম ও কংগ্রেস কর্মী-সমর্থকদের উপর হামলা চালায় তৃণমূল কর্মীরা। পাল্টা হামলা চালায় বাম ও কংগ্রেস। একে অপরকে লক্ষ্য করে বোমাবাজি ও গুলি চালানো হয় বলে অভিযোগ। পাঁচ জন গুলিবিদ্ধ হয়। আহত হয় আরও কয়েকজন।

খবর পেয়ে মগরাহাট থানার পুলিশ এলাকায় পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বসানো হয় পুলিশ পিকেট। পুলিশ আসায় অনেকে পালিয়ে যায়। অভিযুক্তদের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।

ঘটনাস্থল থেকে আহতদের উদ্ধার করে প্রথমে জয়নগর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তিন জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের কলকাতায় স্থানান্তরিত করা হয়।

ঠাকুরপুকুরে গ্রেফতার ২ তৃণমূল কর্মী

নিজস্ব সংবাদদাতা, রসপুঞ্জ: ঠাকুরপুকুর-মহেশতলা ব্লকের রসপুঞ্জ গ্রাম পঞ্চায়েতের বিজেপি প্রার্থী ও তার স্বামীকে মারধরের অভিযোগে দুই তৃণমূল কর্মীকে গ্রেফতার করল পুলিশ। ধৃতদের নাম রাহুল নস্কর ওরফে লাড্ডু ও পুষ্পেন পুরকাইত। মঙ্গলবার কাল তাদের আলিপুর আদালতে তোলা হলে বিচারক শর্তসাপেক্ষে জামিন দেন।

ভোটের আগের দিন রাতে রসপুঞ্জের বিজেপি প্রার্থী ঝর্ণা ঘোষের বাড়িতে হামলা চালানো হয়। অভিযোগ, কয়েকশো তৃণমূল আশ্রিত দুষ্কৃতী হামলা চালায়। বাড়ি ভাঙচুরের পাশাপাশি মারধর করা হয় ঝর্ণাদেবী ও তার স্বামীকে। ওইদিন রাতেই ঝর্ণা ঘোষ ও তার স্বামীকে ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়।ঝর্ণা ঘোষ হাসপাতাল থেকে ছুটি পেলেও তার স্বামী এখনও হাসপাতালে চিকিৎসাধীন।

এ আই চাঁপদানি ইন্ডাস্ট্রিজ লিঃ
CIN - L51909WB1917PLC002767
রেজি অফিস- ২৫, প্রিন্সেপ স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭২
ফোন নং ০৩৩-২২৪৭-৭৮৮০, ফ্যাক্স : ০৩৩-২২৬৮৭৫৪
Email : cil@ho.champdany.co.in,
Website : www.jute-world.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত অর্থবর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ১৮ মে,২০১৮ তারিখে কোম্পানি রেজি: অফিস : ২৫, প্রিন্সেপ স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭২ পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।
এ আই চাঁপদানি ইন্ডাস্ট্রিজ লিঃ-এর পক্ষে
স্থান : কলকাতা — বি কে চৌধুরি
তারিখ: ১৬.০৫.২০১৮ — কোম্পানি সেক্রেটারি

নাগরিকা এক্সপোর্টস লিমিটেড
(ভারত সরকার অনুমোদিত ব্যবসায়িক ক্ষেত্র)
রেজি অফিস-১৮, আর এন মুখার্জি রোড, সপ্তম তল, কলকাতা-৭০০০০১
ফোননং৯১-৩৩-২২১০৮৮২৮,২২৪৮৯২২২/৪৯৪৩, ফ্যাক্সনং:৯১-৩৩-২২৪৮১৬৯৩
CIN - L18101WB1989PLC046387
Email : compsect.nel@nagreeka.com
Website : www.nagreeka.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৬ মে,২০১৮ তারিখে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানি ওয়েবসাইট www.nagreeka.com এবং বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com)
বোর্ডের আদেশানুসারে
নাগরিকা এক্সপোর্টস লিঃ-এর পক্ষে
স্থাঃ/-
স্থান :কলকাতা — জীতেন্দ্র তিওয়ারি
তারিখ: ১৬.০৫.২০১৮ — কোম্পানি সেক্রেটারি

KAUSHALYA INFRASTRUCTURE DEVELOPMENT CORPORATION LIMITED
CIN-L51216WB1992PLC055629
Regd. Office: HB – 170, Sector – III, Salt Lake, Kolkata – 700 106
Ph.: 033-2334 4148,
E-mail: info@kaushalya.net
Website: www.kaushalya.net
NOTICE
Notice is hereby given that as per Regulation 29 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, a meeting of the Board of Directors (Meeting No. 198) of the Company will be held on Wednesday, 30th May, 2018 at its Registered Office at HB 170, Sector III, Saltlake, Kolkata-700106 to consider inter-alia, the following business:-
(1) To consider and to take on record the Audited Financial Results for the quarter/year ended March 31, 2018. (2) To consider and approve the Audited Standalone and Audited Consolidated Annual Accounts for the year ended March 31, 2018. (3) Any other business with the permission of the chair.
By order of the Board
Sd/-
Place : Kolkata — Sanjay Lal Gupta
Date : 16th May, 2018 — Company Secretary

রিচফিল্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিঃ
রেজি অফিস : ৩৩ ব্রাবোন রোড, ষষ্ঠ তল, কলকাতা-৭০০০০১
PhoneNo.033-22485812, email: rfsl.nbfc@gmail.com,
Website: www.rfsl.co.in,
CIN:L45999WB1992PLC055224
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ৩০ মে,২০১৮ তারিখে দুপুর ২.৩০ মিনিটে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানি ওয়েবসাইট www.rfsl.co.in এবং বিএসই লিমিটেড ইন্ডিয়া লিমিটেড (www.bseindia.com)
বোর্ডের আদেশানুসারে
রিচফিল্ড ফিনান্সিয়াল সার্ভিসেস লিঃ-এর পক্ষে
স্থাঃ/-
অভিজিৎ পুগলিয়া
স্থান :কলকাতা — ম্যানেজিং ডিরেক্টর
তারিখ: ১৬.০৫.২০১৮ — DIN NO : 05172495

এনপিআর ফিনান্স লিমিটেড
CIN - L65921WB1989PLC047091
রেজি অফিস: "চৌড়ি মেনসন", ১,লি-সান্স সরণি, দশম তল,কলকাতা-৭০০ ০৭৩
ফোন নং: ০৩৩ ২২৪৭ ৭২০১
Website : www.nprfinance.com
Email : npr1@nprfinance.com
বিজ্ঞপ্তি
ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির ৪৭ এর সঙ্গে পঠনীয় ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্থবর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ৩০ মে,২০১৮ তারিখে বিকেল ৫টায় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় লভ্যাংশ বণ্টনের বিষয়ে যদি কিছু থাকে সে বিষয়ে আলোচনা হবে।
ক্ষেত্রীয় চুক্তির ৪৬ অফ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট (www. nprfinance.com) এবং এর লিঙ্ক http://nprfinance.com/filecontent/n.pdf এবং বিএসই লিমিটেডের ঘোষণা বিভাগে দেখা যাবে (www.bseindia.com)
বোর্ডের আদেশানুসারে
স্থান :কলকাতা — সারিকা মেহেরা
তারিখ: ১৬.০৫.২০১৮ — কমপ্লায়েন্স অফিসার

পঙ্কজ ইনভেস্টমেন্টস লিমিটেড
CIN - L67120WB1974PLC029188
রেজি অফিস- নর্থব্রুক, তৃতীয় তল, ক্রম নং ২৬৪, এ,এজরা স্ট্রিট, কলকাতা, পাওা-৭০০০০১
Email : pankajinvestmentlimited@gmail.com
বিজ্ঞপ্তি
ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির ৪৭ এর সঙ্গে পঠনীয় ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্থবর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৫ মে,২০১৮ তারিখে সকাল ১১টায় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।
উক্ত তথ্য কোম্পানির ওয়েবসাইট www.pankajinvestmentslimited.co.in পাওয়া যাবে।
পঙ্কজ ইনভেস্টমেন্টস লিঃ-এর পক্ষে
স্থাঃ/-
স্থান : কলকাতা — রমন কান্ত গুপ্তা
তারিখ : ১৬.০৫.২০১৮ — (ম্যানেজার)

নাগা ধনুসেরি লিমিটেড
রেজিঃ অফিস:ধুনসেরি হাউস, ৪এ, উডবার্ন পার্ক, কলকাতা-৭০০ ০২০
ফোন নং৯১-৩৩-২২৮৭৮৯৯৫
CIN-L01132WB1918PLC003029;
email:mail@nagadhunserigroup.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৮ মে,২০১৮ তারিখে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।
বোর্ডের আদেশানুসারে
স্থাঃ/-
স্থান :কলকাতা — চন্দ্র কুমার ধনুকা
তারিখ: ১৬.০৫.২০১৮ — (DIN : 00005684)

সালেম এরোড ইনভেস্টমেন্টস লিঃ
CIN: L31200WB1931PLC007116
রেজিস্টার্ড অফিস: ১৪, মতিলাল নেহরু রোড, দ্বিতীয় তল, কলকাতা- ৭০০ ০২৯
টেলিফোন: ৯১ ৩৩ ২৪৭৫২৮৩৪
E-mail: salemerodeinvestmentsltd@gmail.com, seil_info@salemerode.com
Website : www.salemerode.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ২০১৮-১৯ অর্থবর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৫ মে,২০১৮ তারিখে দ্বিতীয় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে ১৪, মতিলাল নেহরু রোড, দ্বিতীয় তল, কলকাতা-৭০০ ০২৯ ঠিকানায় সকাল ১১টায়। এই সময় কালের মধ্যে লভ্যাংশ প্রদানের বিষয় সহ অন্যান্য বিষয়ে আলোচনা হবে।
বোর্ডের আদেশানুসারে
সালেম এরোড ইনভেস্টমেন্টস লিঃ-এর পক্ষে
স্থাঃ/-
স্থান :কলকাতা — অশোক কুমার হামিরবাসিয়া
তারিখ: ০৯.০৫.২০১৮ — ম্যানেজিং ডিরেক্টর
DIN NO : 00291954

রূপা অ্যান্ড কোম্পানি লিমিটেড
CIN - L17299WB1985PLC038517
রেজি: অফিস: মেট্রো টাওয়ার, নবম তল,১,হো চি মীন সরণি, কলকাতা-৭০০ ০৭১
ফোন নং:৯১-৩৩-৪০৫৮৩১০০, ফ্যাক্স: ৯১৩৩২২৮৩৬৮২
Email : connect@rupa.co.in, WEBSITE : www.rupa.co.in
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে কোম্পানির ২২৮তম পরিচালকবর্গের সভা রেজিস্ট্রার্ড অফিসে বুধবার ২৩ মে,২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা হবে।
১. ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং বছরের নিরীক্ষিত একক আর্থিক ফলাফল এবং ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত বছরের একত্রিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদন।
২. ২০১৭-১৮ অর্থবর্ষে কোম্পানি ইক্যুইটি শেয়ার হোল্ডারদের লভ্যাংশ বণ্টনের বিষয় আলোচনা ও অনুমোদন।
উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট http://rupa.co.in/investors/ এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট http://www.bseindia.com/ এবং http://www.nseindia.com
রূপা অ্যান্ড কোম্পানি লিঃ-এর পক্ষে
স্থাঃ/-
কুন্দন কুমার ঝা
স্থান :কলকাতা — কোম্পানি সেক্রেটারি
তারিখ: ১৬.০৫.২০১৮ — ACS 17612

নাগরিকা ক্যাপিটাল অ্যান্ড ইনফ্রাস্টাকচার লিমিটেড
রেজি: অফিস-১৮, আর এন মুখার্জি রোড, সপ্তম তল, কলকাতা-৭০০০০১
ফোননং৯১-৩৩-২২১০৮৮২৮,২২৪৮৯২২/৪৯৪৩, ফ্যাক্সনং:৯১-৩৩-২২৪৮১৬৯৩
CIN - L65999WB1994PLC065725
Email : compsect.ncil@nagreeka.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৬ মে,২০১৮ তারিখে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানি ওয়েবসাইট www.nagreeka.com এবং বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com)
বোর্ডের আদেশানুসারে
নাগরিকা ক্যাপিটাল অ্যান্ড ইনফ্রাস্টাকচার লিঃ-এর পক্ষে
স্থাঃ/-
স্থান :কলকাতা — বিবেক জওসওয়াল
তারিখ: ১৬.০৫.২০১৮ — কোম্পানি সেক্রেটারি

মিন্ট ইনভেস্টমেন্টস লিমিটেড
রেজিঃ অফিস:ধুনসেরি হাউস, ৪এ, উডবার্ন পার্ক, কলকাতা-৭০০ ০২০
ফোন নং৯১-৩৩-২২৮৭৮৯৯৫
CIN-L15142WB1974PLC029184
email:mail@mintinvestments.in,
Website:www.mintinvestments.in
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯(১)(ক) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ মার্চ,২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৯ মে,২০১৮ তারিখে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ২০১৭-১৮ বছরের লভ্যাংশ প্রদানের বিষয় আলোচনা হবে।
বোর্ডের আদেশানুসারে
স্থাঃ/-
চিত্রা ঠাকওয়ানি
স্থান :কলকাতা — কোম্পানি সেক্রেটারি অ্যান্ড
তারিখ: ১৬.০৫.২০১৮ — কমপ্লায়েন্স অফিসার

নাম/পদবি পরিবর্তন

গত ২১.০৫.২০১৬ হাওড়া ফাস্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিট বলে আমি যোগমায়া মুখার্জী, মায়া মুখার্জী এবং মায়া রানী মুখার্জী এক এবং অভিন্ন ব্যক্তি হইলাম। গ্রাম-রাজবল্লভপুর, পোঃ-মহুলন্দপুর, থানা-হাবড়া, জেলা-উত্তর ২৪ পরগনা।